দৈনিক বাংলা

তারিখ ... 25-NOV 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

61



ভিপি হেলেন জেরীন খান



জিএস মাইমুন বেগম

# ইডেন কলেজ ছাত্রী সংসদ নির্বাচনে ছাত্রদল জয়ী

স্টাফ রিপোর্টার : সরকারী ইডেন মহিলা কলেজ ছাত্রী সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল মনোনীত 'হেলেন-সাইমন' পরিষদ পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছে। রোববার এই নির্বাচন অনুষ্ঠিত হয়। হেলেন জেরীন খান ছাত্রী সংসদের ভিপি নির্বাচিত হয়েছেন। তিনি ভোট

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ছাত্রদল জয়ী (প্রথম পৃঃ পর)

পেয়েছেন এক হাজার তিন শ' ৬২। এক হাজার এক শ' ৬১ ভোট পেয়ে জিএস নির্বাচিত হয়েছেন সাইমুন বেগম।

পনের আসন বিশিষ্ট ছাত্রী সংসদের অন্যান্য পদে নির্বাচিতরা হচ্ছেন এজিএস : নাসিমা আক্তার নাসিম, ধর্ম ও সমাজ কল্যাণ সম্পাদিকা : বাশেরাতুল জান্নাত পুনা, সহ-ধর্ম ও সমাজ কল্যাণ সম্পাদিকা : ফারহানা আহমেদ রুনা, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদিকা : শাকিলা নাজনীন সাথী, সহ-সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদিকা : নিলুফা ইয়াসমীন নীলু, ক্রীড়া সম্পাদিকা : শাবানা ইয়াসমীন, সহ-ক্রীড়া সম্পাদিকাঃ সীলভী আফেন্দ্রী, মিলনায়তন সম্পাদিকা : শাহনাজ মির্জা রীটা, কলেজ বার্ষিকী সম্পাদিকা : মুনিরা জাহান আইরিন, সদস্যা : ফাহিমা হুসাইন জুবলী, ফেরদৌস আরা খানম, খন্দকার ফরহানা ইয়াসমীন ও শাহীনা বেগম সীমা।

নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল ছাড়া আরও পাঁচটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করে। প্যানেল গুলি হচ্ছে ছাত্রলীগের (শা-অ) 'রুবি- ফেরদৌসী' পরিষদ, বাংলাদেশ ছাত্র ইউনিয়নের 'শিপ্রী-ডালিয়া' পরিষদ, ছাত্র ঐক্য ফোরামের 'শর্মি- হেনা' পরিষদ, ইসলামী ছাত্রী সংস্থার 'পাপড়ি-রানী' পরিষদ এবং বাংলাদেশ ছাত্র মৈত্রী, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্রলীগের (না-শ) যৌথ প্যানেল 'রানা-মুন্নী' পরিষদ।

শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হয় সকাল আটটায় ভোট গ্রহণ শুরু হয় এবং কোন বিরতি-ছাড়া শেষ হয় দুপুর ১২টায়। ভোটাররা নিজ নিজ পরিচয়পত্র দেখিয়ে ভোট দেন। এবার ভোটারের সংখ্যা ছিল ছ' হাজার দু' শ' আট জন।